



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[বিশেষ আদেশ]

বিশেষ আদেশ নং-০১৭/২০২১/কাস্টমস/

তারিখ : ৩১/০৮/২০২১ খ্রি:।

বিষয় :- রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের ফেরতকৃত পণ্য চালান খালাস ও পুনঃরপ্তানিকরণ।

রপ্তানি বাণিজ্যের প্রসার, উদারীকরণ ও সহজীকরণের লক্ষ্যে The Customs Act, 1969 এর Section 21(b) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের বহিঃবাংলাদেশ হতে ফেরতকৃত পণ্য চালান খালাস ও পুনঃরপ্তানি সংক্রান্ত নিম্নরূপ আদেশ জারি করল:

- ক) ফেরতকৃত পণ্য চালানোর আমদানি ও রপ্তানি সংক্রান্ত সকল দলিলাদি যথাযথভাবে যাচাই করে নিশ্চিত হতে হবে;
- খ) নূন্যতম একজন সহকারী কমিশনার এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে পণ্য চালানসমূহ ১০০% কায়িক পরীক্ষা করে পণ্যের বর্ণনা, ওজন, সংখ্যা বা পরিমাণ প্রভৃতি নিশ্চিত হয়ে খালাস ও পুনঃরপ্তানি কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- গ) খালাসকালে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক এর দপ্তরের অনাপত্তিপত্র দাখিল করতে হবে;
- ঘ) পুনঃরপ্তানির পূর্বে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক এবং প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর অনাপত্তিপত্র দাখিল করতে হবে;
- ঙ) খালাসকালে হালনাগাদ অথবা বর্ধিত জাহাজীকরণের মেয়াদ সম্পন্ন রপ্তানি আদেশের কপি (লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে;
- চ) পণ্য খালাসের ০১ (এক) বছরের মধ্যে ফেরতকৃত পণ্য চালান পুনঃরপ্তানি করতে হবে;
- ছ) বন্ড লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য শুল্ককরের (এআইটি ব্যতিত) সমপরিমাণ নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণ সাপেক্ষে পণ্য চালান খালাস প্রদান করতে হবে;
- জ) রপ্তানিমুখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠান ফেরত আসা পণ্য চালানোর বিপরীতে এ মর্মে অঙ্গীকারনামা দাখিল করবে যে, “পণ্য চালান খালাসের ০১ (এক) বছরের মধ্যে রপ্তানি করতে ব্যর্থতায় ছাড়কৃত চালানোর বিপরীতে প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধ করতে বাধ্য থাকবে”।
- ঝ) ব্যাংক গ্যারান্টি অথবা অঙ্গীকারনামার শর্তাদি পরিপালনে ব্যর্থ হলে শুল্ক কর আদায়ের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ঞ) ব্যতিক্রমি পরিস্থিতিতে রপ্তানিকারক জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করতে পারবে।
- ট) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-২(২) শুল্ক: রপ্তানি ও বন্ড/৯৬ (অংশ-১)/৩০৮, তারিখ: ০৫/০৬/২০০৭ খ্রি: এবং জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৯/২০১৭/কাস্টমস/১১৩, তারিখ: ১৬/০৩/২০১৭ খ্রি: এর আদেশদ্বয় এ মর্মে রহিত করা হ’ল।
- ০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:

উপ পরিচালক,

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা।

(বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিতব্য)

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৫.০০৩.২০২১/২০৫(৩২)

তারিখ: ৩১/০৮/২০২১ খ্রি:।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১-৩। সদস্য (শুধু: রপ্তানি, বন্ড ও আইটি)/(কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)/(কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৪। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল, ঢাকা।
- ০৫। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ০৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১।
- ০৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-২।
- ০৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, চট্টগ্রাম।
- ০৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা।
- ১০-১১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ১২-১৭। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/পানগাঁও/ মোংলা/ আইসিডি (কমলাপুর)।
- ১৮-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা
(পূর্ব)/(উত্তর)/(পশ্চিম)/(দক্ষিণ)/চট্টগ্রাম/খুলনা/রংপুর/যশোর/কুমিল্লা/সিলেট/রাজশাহী।
- ২৯। মহাপরিচালক, শুধু: গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩০। মহাপরিচালক, শুধু: রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ৩১। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ৩২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]
- ৩৩। পি.এস.টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩৪। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা।
- ৩৫। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার বিল্ডিং, ঢাকা।
- ৩৬। সভাপতি, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার হাউস, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৩৭। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পাহুপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।
- ৩৮। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা) ১৩/এ সোনাগাঁও রোড, বাংলা মটর, ঢাকা।
- ৩৯। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ), ঢাকা।
- ৪০। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা।
- ৪১-৪২। অফিস কপি/গার্ড কপি।



(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com

